

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট  
সাভার, ঢাকা-১৩৪১

নং- ৩৩.০৫.২৬৭২.২০১.২৬.০২৬.২২- ২৫৯৩

তারিখঃ ০৮-১১-২২ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই), সাভার, ঢাকা এর রাজস্ব খাতভুক্ত নিম্নে বর্ণিত শূন্য পদে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন গ্রেড	বয়স	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১.	সহকারি মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার বেতন গ্রেড-৯	অনুর্ধ্ব ৩০ বছর	১ (এক) টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অনূন্য দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী।

**নিয়োগের শর্তাবলী:**

- অনলাইন-এ আবেদন ফরম পূরণ এবং পরীক্ষার ফি জমাদান এর সময়সূচি:  
ক) আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১০/১১/২০২২ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা।  
খ) আবেদনপত্র পূরণপূর্বক দাখিলের শেষ তারিখ ও সময়: ২৫/১১/২০২২ খ্রিঃ, বিকাল ৫:০০ ঘটিকা।  
গ) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ <http://bri.teletalk.com.bd> এই লিংকে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের পূর্বে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) ও সদ্য তোলা রজিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।  
শুধুমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘন্টা SMS এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গৃহীত হবে না।  
বিঃদ্রঃ Applicant's Copy তে উল্লেখিত সময় অনুযায়ী (অর্থাৎ ৭২ ঘন্টা) প্রার্থীদের ফি জমাদান সম্পন্ন করতে পরামর্শ দেওয়া হলো। কাজেই শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় থাকতে আবেদনপত্র জমাদান চূড়ান্ত করার পরামর্শ দেওয়া হলো।
- বয়স সীমা: ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে:  
ক) প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর হতে হবে (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও প্রতিবন্ধী ব্যতীত)।  
খ) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও প্রতিবন্ধী প্রার্থীদের জন্য বয়স সর্বোচ্চ ৩২ বছর।  
গ) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার সন্তানদের বয়স সর্বোচ্চ ৩০ বছর।  
ঘ) প্রার্থীদের বয়স কম বা বেশি হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।  
ঙ) বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- মুক্তিযোদ্ধা কোটাসহ অন্যান্য সকল কোটা সরকারি বিধি মোতাবেক প্রতিপালিত হবে। মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় বোর্ডে প্রদর্শন করতে হবে।

৪. প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ (এসএসসি সনদ অনুযায়ী) ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রে সেভাবে লিখতে হবে।
৫. সরাসরি ইমেইল বা ডাকযোগে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
৬. মৌখিক পরীক্ষার সময় অনলাইনে আবেদনের সময় প্রাপ্ত Applicant's Copy (রজিন), সকল শিক্ষাগত যোগ্যতার মূলকপি, জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ, চারিত্রিক সনদপত্র, অভিজ্ঞতার সনদ, স্ব-স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর হতে নাগরিকত্ব সনদের মূলকপি ও আবেদনে উল্লেখিত অন্যান্য সনদপত্র উপস্থাপন করতে হবে এবং ১ (এক) সেট সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে।
৭. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীগণ কর্তৃপক্ষকে অবহিত করে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
৮. উল্লেখিত পদের জন্য ৬০০ (ছয়শত) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২ (বার) টাকাসহ মোট ৬১২ (ছয়শত বার) টাকা Applicant's Copy তে উল্লেখিত নিয়মে যথাসময়ে প্রদান করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
৯. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি Applicant's Copy তে উল্লেখিত মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে এবং SMS এর নির্দেশনা অনুসারে প্রার্থীগণ প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।
১০. নির্বাচিত প্রার্থীকে বাংলাদেশের যে কোন স্থানে চাকুরি করতে ইচ্ছুক থাকতে হবে।
১১. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
১২. তথ্য গোপন করে আবেদন করলে, সেই প্রার্থীর প্রার্থীতা যে কোন সময় (পরীক্ষার পূর্বে/পরে) বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১৩. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।



(ড. এস এম জাহাঙ্গীর হোসেন)  
মহাপরিচালক (চলতি দায়িত্ব)